# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**13 OCTOBER 2025 7:35—7:40 AM**

---

ভারতীয় জনতা পার্টির কেন্দ্রীয় নির্বাচন সমিতির এক বৈঠক গতকাল নতুন দিল্লীতে দলের মূখ্য কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে । বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডার পৌরহিত্যে আয়োজিত বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , স্বরাষ্ট্র মন্ত্রী আমিত শাহ , প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং প্রমূখ উপস্থিত ছিলেন । বৈঠকে বিহার বিধানসভা নির্বাচনে দলের রণ কৌশল সহ প্রার্থী তালিকা নিয়ে আলোচনা করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের যুবক যুবতীদেরকে বিদেশী ভাষায় পারদর্শী করে তোলতে পারলে বিশ্বের বিভিন্ন প্রান্তে কাজের সুযোগ আসবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আশা প্রকাশ করেন । গতকাল গুয়াহাটীর উত্তর-পূর্ব দক্ষতা কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে 'মুখ্যমন্ত্রীর বৈশ্বিক প্রতিভার জন্য বিদেশী ভাষার উদ্যোগ 'শীর্ষক কার্যসূচীর সূচনা করে মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা একথা বলেন । মূখ্যমন্ত্রী জানান যে এই প্রকল্পের মাধ্যমে প্রথম পর্যায়ে ১৮০ জন যুবক যুবতীকে সাংস্কৃতিক প্রশিক্ষণ , নিযুক্তি ও আর্থিক সহায়তা প্রদান সহ জাপানী ভাষার প্রশিক্ষণ দেওয়া হবে । এর মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে আসাম ও জাপানের মানুষের মধ্যে সম্পর্ক বৃদ্ধি পাবে বলেও মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন । এই প্রকল্পটি গুয়াহাটীর উত্তর-পূর্ব দক্ষতা কেন্দ্রের দ্বারা পরিচালিত হবে এবং রাজ্যের যুবক যুবতীরা যাতে জাপানের কর্মক্ষেত্রে নিয়োগের সুযোগ লাভ করে সে জন্য প্রশিক্ষণ দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানান । মূখ্যমন্ত্রী আরো বলেন ---

বাইট

রাজ্যে জনজাতিকরণের বিষয় নিয়ে আগামী ২৫ শে নভেম্বর আসাম বিধানসভায় মন্ত্রীসভার প্রতিবেদন পেশ করা হবে বলেও মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

অসম সাহিত্য সভার তৃতীয় পূর্ণাঙ্গ কার্যনির্বাহক অধিবেশন গতকাল শিলচরে শেষ হয়েছে । গতকাল শেষ দিনে সাহিত্য সভার উদ্যোগে রাজ্যের বিভিন্ন জাতি

জনগোষ্ঠীর কৃষ্টি সংস্কৃতি প্রদর্শনের মাধ্যমে শিলচরে ব্যাতিক্রমী সাংস্কৃতিক শোভাযাত্রা অনুষ্ঠিত হয় । এই সাংস্কৃতিক শোভাযাত্রায় জনতার শিল্পী জুবিন গার্গের প্রতি বিশেষভাবে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করা হয় । রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়েস্থ সহ রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , অসম সাহিত্য সভার সভাপতি ডক্টর বসন্ত কুমার গোস্বামী প্রমুখ শোভাযাত্রায় অংশ গ্রহণ করেন । এই শোভাযাত্রা শিলচর শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে বঙ্গভবণে গিয়ে সমাপ্ত হওয়ার পর সেখানে ডক্টর বসন্ত কুমার গোস্বামীর পৌরহিত্যে সমন্বয় সম্মেলন অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মন্ত্রী কৃষ্ণেন্দু পাল বলেন যে অসম সাহিত্য সভার এই অধিবেশন বরাক ও ব্রম্মপুত্র উপত্যকার মধ্যে সম্পর্ক আরো সুদৃঢ় করে তুলবে । মন্ত্রী শ্রীপাল বলেন যে শিলচরে এই অধিবেশন অবশ্যই একটি গুরুত্বপূর্ন পদক্ষেপ ।

-----------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির পক্ষ থেকে কাছাড় জেলার ১৯টি গ্রাম ডিমা হাসাও- এ হস্তান্তরের প্রস্তাবের প্রতিবাদে আজ সকাল ১১টায় বঙ্গভবনের চার তলায় বহু জাতিক ও বহু ভাষিক সমাবেশের আয়োজন করা হয়েছে । কাছাড় জেলায় স্থায়ী শান্তি ও সৌহার্দ্য পূর্ন সহাবস্থানের স্বার্থে এই সমাবেশে উপস্থিত থাকতে সর্বস্তরের জনসাধারনের প্রতি আহ্বান জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের কৃষি ও ভূমি নথি সঞ্চালকালয়ের নির্দেশে শ্রীভূমি জেলার প্রতিটি রাজস্ব চক্রে কৃষি রাজস্ব আদালত শিবির শুরু হয়েছে যা আগামী ৩০শে নভেম্বর পর্য্যন্ত চলবে । শিবিরে জমি সংক্রান্ত মিউটেশন , ভূমি ও রাজস্ব সর্ম্পকিত সমস্যা নিষ্পত্তি ছাড়াও কৃষকের মোবাইল নম্বরকে আধার ও ফার্মারস রেজিষ্ট্রির সঙ্গে সংযুক্ত করার কাজ করা হচ্ছে । প্রতিটি শিবিরে কৃষি এবং রাজস্ব চক্র আধিকারীকরা উপস্থিত থাকছেন এবং প্রতিদিন সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্য্যন্ত শিবির অনুষ্ঠিত হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে জনস্বাস্থ্য সুরক্ষা সু-নিশ্চিত করতে এবং জেলার প্রতিটি নাগরিকের জন্য নিরাপদ পানীয় জলের সরবরাহ নিশ্চিত করতে জেলার সব হোটেল , রেস্তরা এবং অনুরূপ প্রতিষ্ঠানগুলিকে এখন থেকে মাসে একবার বাধ্যতামূলক পানীয় জলের মান পরীক্ষা করতে হবে । অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেটের পক্ষ থেকে জানানো হয়েছে যে পানীয় জলের নমুনা জেলার জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগ বা তাদের অনুমোদিত পরীক্ষাগারে পরীক্ষার মাধ্যমে সম্পন্ন হবে । পরীক্ষায় পানীয় জলের ভৌত , রাসায়নিক এবং অণূজীব সংক্রান্ত মান যাচাই করা হবে । নির্দেশে আরো

বলা হয়েছে যে নিয়ম না মানলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে জনস্বাস্থ্য আইন , খাদ্য সুরক্ষা আইন এবং অন্যান্য প্রাসঙ্গিক আইনের ধারায় ব্যবস্থা গ্রহন করা হবে ।

---------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অফ শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ বদরপুর গ্রেটারের ব্যবস্থাপনায় আজ পাঁচগ্রাম নিউ মার্কেটের মার্কেট শেডে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্টিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

এদিকে শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে এবং রোটারী ক্লাব অফ গ্রীনল্যান্ডের সহযোগীতায় গতকাল শিলকুড়ি চা বাগান হাসপাতালে আয়োজিত শিবিরে ১২৫ জন রোগীর চোখ পরীক্ষা করে ২৫ জনের চোখে ছানী সনাক্ত হয়েছে ।

---------------------------------------------------------------------------------